দৈনিক সংবাদ

14 OCT 1988
তারিখ ~~06 OCT 1988~~
পৃষ্ঠা 2 কলাম 6

# চট্টগ্রাম সরকারী সিটি কলেজ থেকে অস্ত্রশস্ত্র উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৩ই অক্টোবর।— চট্টগ্রামের আরো একটি কলেজ থেকে পুলিশ অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে। তবে কাউকে গ্রেফতার করা যায়নি।

গতকাল বৃহস্পতিবার রাত ১২টায় ডবলমুরিং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নাসির উদ্দিন আহমদ চৌধুরীর নেতৃত্বে পুলিশ সরকারী সিটি কলেজে অভিযান চালায়। তারা কলেজের তিনতলায় অবস্থিত কলেজ ছাত্র সংসদের কার্যালয় থেকে ১৭টি হাতবোমা, ৬টি বন্দুকের কার্তুজ

(শেষ পৃ: ১-এর ক: দেখুন)

(১ম পাতার পর)

ও বোমা তৈরীর প্রচুর সরঞ্জাম উদ্ধার করে। এই কলেজটিতে দিবা ও নৈশ বিভাগ চালু রয়েছে। কলেজ ছাত্র সংসদে জাতীয় ছাত্র লীগ প্রতিনিধিত্ব করছে।

এর আগে গত ৬ই অক্টোবর একই থানায় পুলিশ ওমর গণি কলেজ থেকে অস্ত্রশস্ত্রসহ ২জনকে গ্রেফতার করে।

উল্লেখ্য, চট্টগ্রাম কলেজ, মহসিন কলেজ, দারুল উলুম মাদ্রাসাসহ অন্য শিক্ষাঙ্গনগুলোকে অস্ত্রমুক্ত করার জন্য দীর্ঘদিন ধরে জনগণ দাবী জানিয়ে আসছে।